West Bengal State University

B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2011

PART – III (Honours)

বাংলা — সাম্মানিক

পঞ্চম পত্র

Duration : 4 Hours Full Marks : 100

প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের দ্যোতক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। গীতিকবিতা কাকে বলে ? আখ্যানকাব্যের সঙ্গে তার প্রধান পার্থক্য কোথায় ? গীতিকবিতার শ্রেণীবিভাগ করে বাংলা সাহিত্যের একজন গুরুত্বপূর্ণ গীতিকবির রচনা-নৈপুণ্যের পরিচয় দিন। ৪ + ৪ + ৪ + ৮

অথবা

উদাহরণসহ যে-কোন দুটি বিষয় সম্পর্কে আলোচনা করুন : ১০ + ১০

(ক) পত্রকাব্য (খ) সনেট (গ) সাহিত্যিক মহাকাব্য।

২। 'সোমের প্রতি তারা' ও 'দশরথের প্রতি কৈকেয়ী' পত্রকবিতা দুটিতে আধুনিক কালের নারীমুক্তি চেতনার যে সঙ্কেত রয়েছে তা পরিস্ফুট করুন। ৮ + ৮

অথবা

বীরাঙ্গনা কাব্যের গঠনরীতি বিশ্লেষণ করে এই কাব্যে নাট্যধর্মিতা ও গীতিপ্রাণতা কীভাবে কাহিনীর আধারে গ্রথিত হয়েছে তা দেখান। ৮ + ৮

৩। 'সোনার তরী' কাব্যের ভূমিকায় রবীন্দ্রনাথ লিখেছেন, "আমার বুদ্ধি এবং কল্পনা এবং ইচ্ছাকে উন্মুখ করে তুলেছিল এই সময়কার প্রবর্তনা — বিশ্বপ্রকৃতি এবং মানবলোকের মধ্যে নিত্য সচল অভিজ্ঞতার প্রবর্তনা।" স্রষ্টার এই উক্তির আলোকে 'সোনার তরী'র পাঠ্য কবিতাগুলি বিশ্লেষণ করুন। ১৬

অথবা

'সোনার তরী' কাব্যের 'নিরুদ্দেশ যাত্রা' কবিতায় সম্বোধিত সুন্দরী কে ? তাঁকে অবলম্বন করে কবি যে রোমান্টিক মনের পরিচয় দিয়েছেন তার স্বরূপ ব্যাখ্যা করুন। ২ + ১৪

৪। রবীন্দ্রযুগে আবির্ভূত হয়েও নজরুল ইসলাম যে স্বাতন্ত্র্য ও মৌলিকতার পরিচয় দিয়েছিলেন, পাঠ্য কবিতাগুলির সাহায্যে তা আলোচনা করুন। ১৬

অথবা

নজরুল ইসলামের বিদ্রোহী সত্তার আড়ালে এক রোমান্টিক প্রেমিকের করুণ মধুর সত্তার অস্তিত্বও সমানভাবে বর্তমান ছিল। 'গানের আড়াল' কবিতা অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করুন। ১৬

৫। "আমারও মেটে না সাধ তোমার সমুদ্রে যেন মরি" — 'দামিনী' কবিতায় 'সাধ' ও 'সমুদ্র' শব্দদুটির উপস্থাপনায় কবি যে 'মরণ'কে উপস্থাপিত করেছেন, কবিতাটির আলোচনার প্রেক্ষিতে তার তাৎপর্য নির্ণয় করুন। ১৬

অথবা

"পৃথিবীর গভীর গভীরতর অসুখ এখন" এবং "শাশ্বত রাত্রির বুকে সকলি অনন্ত সূর্যোদয়" — এই বিপ্রতীপ ভাবনার পরিধিতে 'সুচেতনা' কবিতাটির মর্মার্থ বিচার করুন। ১৬

৬। নিম্নলিখিত অংশটির কাব্যশৈলী বিচার করুন : ১৬

কোথায় গেল ওর স্বচ্ছ যৌবন
কোথায় কুরে খায় গোপন ক্ষয় !
চোখের কোণে এই সমূহ পরাভব
বিষায় ফুসফুস ধমনী শিরা !

জাগাও শহরের প্রান্তে প্রান্তরে
ধূসর শূন্যের আজান গান ;
পাথর করে দাও আমাকে নিশ্চল
আমার সন্ততি স্বপ্নে থাক।

না কি এ শরীরের পাপের বীজাণুতে
কোনোই ত্রাণ নেই ভবিষ্যের ?
আমারই বর্বর জয়ের উল্লাসে
মৃত্যু ডেকে আনি নিজের ঘরে ?

না কি এ প্রাসাদের আলোর ঝলসানি
পুড়িয়ে দেয় সব হৃদয় হাড়
এবং শরীরের ভিতরে বাসা গড়ে
লক্ষ নির্বোধ পতঙ্গের ?

আমারই হাতে এত দিয়েছ সম্ভার
জীর্ণ করে ওকে কোথায় নেবে ?
ধ্বংস করে দাও আমাকে ঈশ্বর
আমার সন্ততি স্বপ্নে থাক।

অথবা

ক্ষিতিজ-কারা চূর্ণ করে
        উঠল গেয়ে ঝঞ্ঝা-কালো,
ঘনঘটায় আঁটতে না আর
        লাসে-তন্ময় তড়িৎ আলো।
এখন আমার ধুলো-বীণায়
        প্রতি তৃণের তার বেঁধেনি।

ভীত তারকা মুদছে নয়ন
        ভ্রান্ত মরুৎ পায় না পথ,
উল্কা ছাড়ে আকাশ ভিত্তি
        ধ্বংস নামে ঘর্ঘরিয়ে রথ।
মুষ্টি বেঁধে সব সুকুমার
        স্বপ্ন আমার বাঁচিয়ে নি।

লয় হল মৃদু-বর্তিকা
        মধুর শিখায় জ্বালিয়ে যে সব সুর।
স্নেহ-সিক্ত ঝংকার মোর
        আলোর মতো ছড়ায় নিকট দূর।
এই মরণের পর্বকে আজ
        দীপাবলী বানিয়ে নি।

West Bengal State University
B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2011

PART – III (Honours)

বাংলা — সাম্মানিক

ষষ্ঠ পত্র

Duration : 4 Hours　　　　Full Marks : 100

প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের দ্যোতক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। ক) উপন্যাসের মূল ঘটনা স্মরণ রেখে মানিক বন্দ্যোপাধ্যায়ের 'পুতুল নাচের ইতিকথা'র প্রতীকী নামকরণের সার্থকতা বিচার করুন। ১৫

অথবা

খ) 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসে ঔপন্যাসিক শশীর দৃষ্টির দর্পণে মানবজীবনের যে বিচিত্র রহস্যময়তার প্রতিফলন ঘটিয়েছেন, তাতে চরিত্রটিকে নায়কত্বের মর্যাদা দেওয়া যায় কিনা বিশ্লেষণ করুন। ১৫

২। ক) 'অরণ্যের অধিকার' উপন্যাসের ভূমিকায় মহাশ্বেতা দেবী জানিয়েছেন যে, বীরসার বিদ্রোহ 'কেবলমাত্র এক বিদেশী সরকার ও তার শোষণের বিরুদ্ধে বিদ্রোহ নয়, একই সঙ্গে এ বিদ্রোহ সমকালীন ফিউডাল ব্যবস্থার বিরুদ্ধেও।' — মূল উপন্যাসে বিদ্রোহের সেই প্রকৃতি কতখানি প্রতিফলিত হয়েছে আলোচনা করুন। ১৫

অথবা

খ) 'অরণ্যের অধিকার' উপন্যাসে ধানী মুন্ডা চরিত্রটির গুরুত্ব ও উপযোগিতা সম্পর্কে আপনার মতামত ব্যক্ত করুন। ১৫

৩। ক) 'ল্যাবরেটরী' গল্পের সোহিনী চরিত্রের পরিচয় দিন। ১৫

অথবা

খ) 'অতিথি' গল্পটি অবলম্বন করে তারাপদর বিচিত্র বন্ধনভীরু মানসিকতার পরিচয় দিন। ১৫

৪। ক) 'টোপ' গল্পটি অপদার্থ অহংকার রক্ষার জন্য চূড়ান্ত অমানবিকতার কাহিনী। — আলোচনা করুন। ১৫

অথবা

খ) রোমান্স রস-পুষ্ট গল্প হিসেবে 'মেঘমল্লার'-এর সার্থকতা বিচার করুন। ১৫

৫। ক) "হঠাৎ নজরে পড়ে উর্ধ্ববাহু শুকনো গাছের কঙ্কালটায় ঝিম কালো কাকটি। অনড়। 'স্টীলের চঞ্চু'টি ঝিকঝিক করছে। অথচ এতগুলো মানুষ, ঐ দৃশ্যটা না দেখে, ছুটে এসেছে এখানে। এই সব নির্বোধদের মুখ ঠুকে দেওয়া দরকার।" — উদ্ধৃত গল্পাংশটি অবলম্বনে 'স্টীলের চঞ্চু' গল্পের অন্তর্নিহিত বক্তব্য পর্যালোচনা করুন। ১৫

অথবা

খ) 'দাহ' গল্পে উল্লিখিত রাজনৈতিক পরিস্থিতির প্রেক্ষাপটে ফাতিমা চরিত্রটির মূল্যায়ন করুন। ১৫

৬। ক) "শরীর। শরীর।

তোমার মন নাই কুসুম ?"

বক্তা কে ? কুসুম সম্পর্কে একথা বলার কারণ প্রসঙ্গ উল্লেখপূর্বক ব্যাখ্যা করুন। ১ + ৪

অথবা

"ওঠ দিকি বাবু সুখশয্যা ছেড়ে, জিনিসপত্র চুপি চুপি গুছিয়ে নাও। তারপর চল আমরা বিদেয় হই।"

বক্তা কে ? কার প্রতি এই উক্তি ? বক্তার 'চুপি চুপি' 'বিদেয়' হওয়ার এই অভিপ্রায় কেন ? ১ + ১ + ৩

খ) "মুন্ডার লেখাপড়া ? মুন্ডার ভবিষ্যৎ ? মুন্ডা কি বাবু ? মুন্ডা কি দিকু ? ভবিষ্যতের কথা চিন্তা করে পড়ে পড়ে লাথ খাবে ?" — কথাগুলি কে, কাকে জিজ্ঞাসা করেছে ? কোন্ ঘটনার প্রতিক্রিয়ায় এই উক্তি ?

১ + ১ +৩

অথবা

"লড়াই যেথা, ও সেথা। ওর বয়স আটশো অষ্টাশি চাঁদ হল।" — কে, কাকে একথা বলেছে ? 'ও' কে ? উদ্দিষ্ট ব্যক্তির লড়াকু চরিত্রের পরিচয় দু'এক কথায় লিখুন। ১ + ১ + ১ + ২

গ) "এ জীবনে আর কাহাকেও ভালোবাসিতে পারিব না।" — বক্তা কে ? কাকে উদ্দেশ্য ক'রে এই উক্তি ? প্রসঙ্গটির যথাযথ উল্লেখ করুন। ১ + ১ +৩

অথবা

"বাবু, রাগ কোরো না। তোমার মধ্যে ঐ শয়তানের মন্ত্র আছে। তাই তোমারই হবে জিত।" — কে, কাকে একথা বলেছে ? প্রসঙ্গসহ এই উক্তির তাৎপর্য ব্যাখ্যা করুন। ১ + ১ + ৩

ঘ) "বড়ো হয়ে আমি তোমায় নিয়ে যাবো দিদি ! কারুর কথা শুনব না !" — বক্তা কে ? সে দিদিকে কোথা থেকে নিয়ে যেতে চেয়েছে ? সেজন্য 'বড়ো' হওয়ার প্রসঙ্গ কেন এসেছে বিশ্লেষণ করুন। ১ + ১ +৩

অথবা

"গুরুচরণ দাসজীকে এবার হতে হবে মৌলভীচরণ দাস। এ না করে উপায় নাই।" — বক্তা কে ? বক্তা 'গুরুচরণ দাসজী' থেকে 'মৌলভীচরণ দাস'-এ রূপান্তরিত হওয়ার কথা কেন বলেছেন সুস্পষ্ট করুন। ১ + ৪

ঙ) "সার্কাসে দেখোনি ? একটা সরু তারের ওপর দিয়ে ছাতা হাতে মেয়েরা কেমন সন্তর্পণে হেঁটে ওপার পৌঁছে যায় ? আমাদের বাঁচাটাও তেমনি, ..." — বক্তা কে ? প্রসঙ্গ উল্লেখ করে বক্তার এই মন্তব্যের তাৎপর্য ব্যাখ্যা করুন। ১ + ৪

অথবা

"ভুলুম না ভাই এই রাত্রের কথা। নসিবে থাকলে আবার তোমার লগে মোলাকাত হইব।" — কে, কাকে বলেছে ? বক্তা কোন্ 'রাত্রের' কথা ভুলতে পারবে না ? বক্তার 'নসিবে' শেষ পর্যন্ত কি ঘটেছিল ?

১ + ১ + ১ + ২

West Bengal State University
B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2011

PART – III (Honours)

বাংলা — সাম্মানিক

সপ্তম পত্র

Duration : 4 Hours — Full Marks : 100

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের দ্যোতক।

১। যে কোন দুটি প্রশ্নের উত্তর দিন : ২ × ১০ = ২০

ক) ব্যক্তিগত প্রবন্ধ ও রম্যরচনার মধ্যে কোথায় মিল এবং কোথায় অমিল উদাহরণের সাহায্যে তা বুঝিয়ে দিন। ৫ + ৫

খ) ব্যক্তিগত ডায়েরি কীভাবে বহুজনের আস্বাদ্য হয়ে ওঠে ? একটি সাহিত্য পদবাচ্য ডায়েরির বিষয় ও রীতি বিশ্লেষণ করুন। ৪ + ৬

গ) যে পদ্ধতিই অবলম্বন করা হোক না কেন, সাহিত্য সমালোচনা আসলে সাহিত্যেরই আস্বাদন। বক্তব্যটির পক্ষে অথবা বিপক্ষে আপনার অভিমত জানান।

ঘ) সংক্ষিপ্ত পরিচয় দিন (যে কোন দুটি) : ৫ + ৫

অ) ভ্রমণ সাহিত্য

আ) প্রবন্ধ সাহিত্য

ই) মনোবৈজ্ঞানিক সমালোচনা।

২। "বঙ্কিমচন্দ্রের 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থের অন্তর্গত 'পতঙ্গ' প্রবন্ধটির শুরুতে পরিহাসের সুর থাকলেও শেষ পর্যন্ত তা নৈরাশ্যে ভরা।" প্রবন্ধটি অবলম্বনে মন্তব্যটির যাথার্থ্য বিচার করুন। ১৫

অথবা

" 'কমালাকান্তের দপ্তর' গ্রন্থের ভাব ও বিষয়ে সমকালের প্রতিচ্ছায়া লক্ষ করা যায়।" পাঠ্য প্রবন্ধগুলি অবলম্বনে বক্তব্যটি পরিস্ফুট করুন। ১৫

৩। রবীন্দ্রনাথের নানা পরিচয় ছিন্নপত্রের পত্রগুলিতে যেভাবে বিচ্ছুরিত হয়েছে পাঠ্য পত্রগুলি অবলম্বনে তার পরিচয় দিন। ১৫

অথবা

"প্রকৃতির চিত্ররসে ছিন্নপত্র রসায়িত।" 'ছিন্নপত্র'-এর পাঠ্যপত্র অবলম্বনে উক্তির যথার্থতা নিরূপণ করুন। ৫ + ১০

৪। পটুয়া শিল্প কি ? এই শিল্পের আঙ্গিক ও বিশেষত্ব বিষয়ে যামিনী রায় যা ভেবেছেন তা নিজের ভাষায় লিখুন। ১৫

অথবা

শিক্ষার সর্বস্তরে মাতৃভাষাকে ব্যবহার করবার সপক্ষে সত্যেন্দ্রনাথের যুক্তিগুলো প্রতিষ্ঠিত করুন। বিজ্ঞানের চর্চায় মাতৃভাষার ব্যবহার কতটা কার্যকর হতে পারে, সে বিষয়ে লেখকের অভিমত তুলে ধরুন। ৭½ + ৭½

৫। "ঈশ্বর গুপ্ত বাংলার কবি।" এই বক্তব্যটি বঙ্কিমচন্দ্র কোন্ অর্থে প্রয়োগ করেছিলেন ? বিষ্ণু দে তাঁর প্রবন্ধে বক্তব্যটিকে কীভাবে ব্যাখ্যা করে দেখিয়েছেন তা আলোচনা করুন। ৫ + ১০

অথবা

"রূপকথার বিরুদ্ধে প্রাপ্তবয়স্কদের প্রধান অভিযোগ — ইহার অলীকতা ও অবাস্তবতা।" এই অভিযোগ লেখক কীভাবে খণ্ডন করেছেন তা আলোচনা করুন। ১৫

৬। নিম্নলিখিত যে কোন **একটি** বিষয় নিয়ে প্রবন্ধ রচনা করুন : ১ × ২০ = ২০

ক) বাংলা লোকসাহিত্যের মানবজীবন

খ) মধ্যযুগের বাংলা সাহিত্যে নারী চরিত্র

গ) সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র ও তাঁর রচিত উপন্যাস

ঘ) ঊনবিংশ শতকের বাংলা গীতিকবিতা

ঙ) রবীন্দ্রনাথ ও কালিদাস

চ) স্বাদেশিকতা ও বাংলা সাহিত্য

ছ) দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর বাংলা ছোটগল্প।

West Bengal State University
B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2011

PART– III (Honours)

বাংলা — সাম্মানিক

অষ্টম পত্র

Duration : 4 Hours Full Marks : 100

প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের দ্যোতক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দিন :

ক) দুটি নাটক অবলম্বনে কালিদাসের নাট্য-প্রতিভার মূল্যায়ন করুন। ১৫

খ) ভারতীয় সাহিত্যের অন্যতম কথাকার বাণভট্টের রচনাগুলির সংক্ষিপ্ত পরিচয় দিন। তাঁর প্রতিভার বৈশিষ্ট্য এবং উৎকর্ষ কোথায়, তা নিরূপণ করুন। ১০ + ৫

গ) জয়দেবের 'গীতগোবিন্দম্' কাব্যের সংক্ষিপ্ত পরিচয় দিন। বাংলা সাহিত্যে কাব্যটির প্রভাব বিষয়ে আপনার সুচিন্তিত মতামত ব্যক্ত করুন। ১০ + ৫

২। যে কোন **একটি** বিষয়ে সংক্ষেপে আলোচনা করুন : ৫

ক) রঘুবংশ

খ) উত্তররামচরিত

গ) মেঘদূত

ঘ) মহাবীরচরিত

ঙ) মৃচ্ছকটিক।

৩। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দিন :

ক) শেকস্‌পীয়রীয় সনেটের বিষয়গত ও আঙ্গিকগত বৈশিষ্ট্য উল্লেখ করে একটি সংক্ষিপ্ত নিবন্ধ রচনা করুন। ৮ + ৭

খ) রোমান্টিক যুগের লক্ষণগুলি শেলির কাব্যসাহিত্যে কতখানি প্রতিফলিত হয়েছে ? শেলিকে কি রোমান্টিক যুগের শ্রেষ্ঠ গীতিকবি বলা যায় ? তাঁর কাব্য আলোচনার মাধ্যমে আপনার মতামত প্রতিষ্ঠিত করুন। ৩ + ২ + ১০

গ) চার্লস্ ডিকেন্সের উপন্যাসের বৈশিষ্ট্যসমূহ নির্দেশ করে তাঁর অন্তত দুটি উপন্যাস সম্পর্কে পূর্ণাঙ্গ আলোচনা করুন। ৫ + ১০

৪। যে কোন একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করুন : ৫

ক) হ্যামলেট

খ) প্যারাডাইস রিগেইনড্

গ) দ্য লিরিকাল ব্যালাডস্

ঘ) আইভানহো

ঙ) ম্যান এন্ড সুপারম্যান।

৫। যে কোন একটি প্রশ্নের উত্তর দিন :

ক) হিন্দী সাহিত্যে নবজাগরণের যুগ বলতে কি বোঝায় ? এই যুগের শ্রেষ্ঠ সাহিত্যিক ভারতেন্দু হরিশচন্দ্রের কৃতিত্ব কোথায়, তা নিরূপণ করুন। ৩ + ১২

খ) ছায়াবাদী সাহিত্য কাকে বলে ? হিন্দী সাহিত্যে ছায়াবাদী কবি হিসেবে নিরালার কাব্য-বৈশিষ্ট্য আলোচনা করে তাঁর স্বাতন্ত্র্য নির্ণয় করুন। ৩ + ১২

গ) ছোট গল্পকার মুন্‌শী প্রেমচন্দের স্বাতন্ত্র্যের পরিচয় দিন। এই প্রসঙ্গে তাঁর সমাজ সম্পর্কিত দৃষ্টিভঙ্গির পরিচয় দিন। ১০ + ৫

৬। যে কোন দুটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করুন : ২ × ৫

ক) গোদান

খ) যামা

গ) বঙ্গদর্শন

ঘ) নিরুপমা

ঙ) ময়লা আঁচল

চ) পল্টু বাবু রোড্।

৭। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দিন :

ক) "এই অতিরিক্ত বস্তু'ই কাব্যের আত্মা"

'অতিরিক্ত বস্তু'টি কী ? কীভাবে তা কাব্যের আত্মা হয়ে উঠেছে, বুঝিয়ে বলুন। ১৫

খ) 'রীতিরাত্মা কাব্যস্য' — বস্তুবাদী আলংকারিকদের এই বক্তব্য ধ্বনিবাদীরা কীভাবে খণ্ডন করেছেন বুঝিয়ে দিন। ১৫

গ) 'রস হচ্ছে নিজের আনন্দময় সম্বিতের আস্বাদরূপ একটি ব্যাপার' — রসের স্বরূপ ব্যাখ্যায় উক্তিটি কতখানি যথার্থ, তা আলোচনা করুন। ১৫

৮। যে কোন **একটি** বিষয়ে টীকা লিখুন : ৫

ক) বিভাব

খ) নবরস (নয়টি রস)।

৯। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দিন :

ক) 'সাহিত্য ব্যক্তি বিশেষের নহে, তাহা রচয়িতার নহে, তাহা দৈববাণী।'— উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করুন। ১৫

খ) 'মন প্রকৃতির আরশি নহে, সাহিত্যও প্রকৃতির আরশি নহে।' — কোন্ রচনার অংশ ? মন ও সাহিত্য কেন প্রকৃতির আরশি নয়, ব্যাখ্যা করে বুঝিয়ে দিন। ১ + ১৪

গ) 'সৌন্দর্যমূর্তিই মঙ্গলের পূর্ণমূর্তি এবং মঙ্গলমূর্তিই সৌন্দর্যের পূর্ণস্বরূপ।' — লেখকের মত অনুসারে বিষয়টি বিশ্লেষণ করুন। ১৫

VIVEKANANDA VIDYA... LIBRARY